“যে ব্যক্তি আল্লাহর রাস্তায় এক দিনও সিয়াম পালন করে, আল্লাহ্ তার মুখমণ্ডলকে জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে নেন”।

আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি: “যে ব্যক্তি আল্লাহর রাস্তায় এক দিনও সিয়াম পালন করে, আল্লাহ্ তার মুখমণ্ডলকে জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে
নেন”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি জিহাদে এক দিন সিয়াম রাখবে। কেউ বলেছেন: জিহাদ ও অন্যান্য সময় সাওয়াব ও আল্লাহর প্রতিদানের আশায় একমাত্র আল্লাহর জন্য সিয়াম রাখবে; আল্লাহ নিজ অনুগ্রহে তার ও জাহান্নামের মাঝে সত্তর বছরের দূরত্ব তৈরি করবেন।

https://www.sunnah.global/hadeeth/bn/show/4436